

## যঙ্গফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১১৪৬

১/ বিবিধ

আরবী

إذا مررت بهؤلاء الذين يلعبون الأزلام: الشترنج والنرد وما كان من اللهو، فلا تسلموا عليهم، فإن سلموا عليكم فلا تردوا عليهم، فإنهم إذا اجتمعوا وأكبوا عليها، جاء إبليس أخزاه الله بجنوده فأحدق بهم، كلما ذهب رجل يصرف بصره عن الشترنج لكرز في ثغره، وجاءت الملائكة من وراء ذلك فأحدقوا بهم، ولم يدنوا منهم، فما يزالون يلعنونهم حتى يتفرقوا عنها حين يتفرقون كالكلاب اجتمعت على جيفة، فأكلت منها، حتى ملأت بطونها ثم تفرق

موضوع

أخرجه الآجري في "كتاب تحريم النرد والشترنج والملاهي" (ق 2/ 43) من طريق سليمان بن داود اليمامي عن يحيى بن أبي كثير عن أبي سلمة بن عبد الرحمن عن أبي هريرة قال: قال رسول الله صلى الله عليه وسلم: فذكره قلت: وهذا إسناد ضعيف جدا، آفته سليمان بن داود اليمامي قال الذهبي في الميزان "قال ابن معين: ليس بشيء، وقال البخاري: منكر الحديث، وقد مر لنا أن البخاري قال: من قلت فيه: منكر الحديث فلا تحل رواية حديثه. وقال ابن حبان: ضعيف. وقال آخر: متروك"

وكتب الحافظ ابن المحب المقدسي بخطه على هامش كتاب الآجري "هذا حديث ضعيف"

قلت: بل هو موضوع، وعلامات الوضع عليه لائحة، وآفته اليمامي المذكور، فإنه متهم

عند البخاري كما عرفت. والله أعلم

বাংলা

১১৪৬। যখন তোমরা সেই সব লোকদের নিকট দিয়ে অতিক্রম করবে যারা আয়লাম (জুয়া খেলার পালক বিহীন তীর বা গুটি) নিয়ে খেলা করেং (যেমন) দাবা, নার্দ (বক্স বক্স করে তৈরি করা ঘরে পাথর দিয়ে তৈরি গুটি দ্বারা খেলা) এবং এ জাতীয় খেলার অন্যরূপ। তখন তোমরা তাদের প্রতি সালাম দিও না। তারা যদি তোমাদেরকে সালাম প্রদান করে তাহলে তোমরা তাদের সালামের উত্তর দিও না। কারণ তারা যখন একত্রিত হয় এবং সেসব খেলা নিয়ে ব্যস্ত হয়ে পড়ে তখন ইবলীস তার দলবলসহ আগমন করে (আল্লাহ তাকে অপমানিত করুন) তাদেরকে চতুর্দিক থেকে ঘিরে ফেলে। যখনই কোন ব্যক্তি তার দৃষ্টিকে দাবা থেকে ফিরিয়ে নিতে চাই তখনই সে তার গলার নিম্ন ভাগের গর্তে আঘাত করে। আর ফেরেশতারা পেছন থেকে এসে তাদেরকে ঘিরে রেখে তাদের নিকটবর্তী না হয়ে তাদের প্রতি সর্বদাই অভিসম্পাত করতে থাকে যে পর্যন্ত তারা সে সব খেলা থেকে বিচ্ছিন্ন না হয়ে যায়। বিচ্ছিন্ন হয়ে যাওয়া সেই লোকগুলো যখন বিচ্ছিন্ন হয় তখন তারা সেই সব কুকুরের ন্যায় যারা একটি লাশের নিকট একত্রিত হয় অতঃপর তাদের পেট ভর্তি না হওয়া পর্যন্ত তা থেকে ভক্ষণ করতে থাকে অতঃপর তারা বিচ্ছিন্ন হয়ে যায়।

হাদীসটি বানোয়াট।

হাদীসটি আজুরৱী “কিতাবু তাহরীমিন নারদি অশ-শাতরাঞ্জ অল-মালাহী” গ্রন্থে (কাফ ২/৮৩) সুলাইমান ইবনু দাউদ ইয়ামামী সূত্রে ইয়াহইয়া ইবনু আবী কাসীর হতে, তিনি আবু সালামাহ ইবনু আবদির রহমান হতে, তিনি আবু হুরাইরাহ (রাঃ) হতে ... বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ এ সনদটি খুবই দুর্বল। এর সমস্যা হচ্ছে সুলাইমান ইবনু দাউদ ইয়ামামী। তার সম্পর্কে ইয়াম যাহাবী “আল-মীয়ান” গ্রন্থে বলেনঃ ইবনু মাস'ইন বলেনঃ তিনি কিছুই না। ইয়াম বুখারী তার সম্পর্কে বলেনঃ তিনি মুনকার়ল হাদীস। পূর্বে আলোচনা করা হয়েছে, ইয়াম বুখারী বলেনঃ আমি যার সম্পর্কে বলেছি যে, তিনি মুনকার়ল হাদীস তার হাদীস বর্ণনা করাই বৈধ না। ইবনু হিবান তার সম্পর্কে বলেনঃ তিনি দুর্বল। অন্যরা বলেনঃ তিনি মাতরাক।

হাফিয় ইবনুল মুহিব আল-মাকদেসী আজুরৱীর গ্রন্থের টীকায় লিখেছেনঃ এ হাদীসটি দুর্বল।

আমি (আলবানী) বলছিঃ বরং হাদীসটি বানোয়াট। আর বানোয়াটের আলামত সুস্পষ্ট। এর সমস্যা উক্ত বর্ণনাকারী ইয়ামামী। কারণ তিনি ইয়াম বুখারীর নিকট মিথ্যা বর্ণনা করার দোষে দোষী যেমনটি আপনারা জেনেছেন।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=72025>

৬ হাদিসবিড়ির প্রজেক্টে অনুদান দিন